পশ্চিমবঙ্গ সরকার
শিশু বিকাশপ্রকল্পআধিকারিককরণ
ওন্দা সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প,
ওন্দা, বাঁকুড়া

স্মারকসংখ্যা. - ৪০১/আই. সি. ডি. এস/ওন্দা                    তারিখ -০২/১২/২০২২

## বিজ্ঞপ্তি

পদোন্নতির মাধ্যমে অঙ্গনওয়াড়ি কর্মী (AWW)শূন্য পদ পূরণের জন্য প্যানেল তৈরীর উদ্দেশ্যে ওন্দা আইসি. ডি. এস. প্রকল্পে বর্তমানে কর্মরতা ও নিম্নে উল্লিখিত যোগ্যতাসম্পন্না অঙ্গওনয়াড়ি সহায়িকাদের (AWH)কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

শূন্যপদ বিবরন:-

| আই. সি. ডি. এস. প্রকল্পেরনাম | শূন্যপদের বিভাজন | | | |
|---|---|---|---|---|
| | UR | SC | ST | মোট |
| ওন্দা নিজস্ব (Onda Main) | ৪ | ১ | ১ | ৬ |

যোগ্যতাবলী:-

১।প্রার্থীকে অবশ্যই ওন্দা ব্লকের স্থায়ী বাসিন্দা হতেহবে।

২।প্রার্থীকে অন্ততঃ পাঁচবছর নিরবিচ্ছিন্ন ভাবে ওন্দা আইসি. ডি. এস. প্রকল্পে অঙ্গনওয়াড়ি সহায়িকা হিসাবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

৩।প্রার্থীকে অবশ্যই কমপক্ষে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে স্বীকৃত বোর্ড থেকে।

৪। বয়সসীমা ৬৫ বছরের মধ্যে হতে হবে।

৫।বয়স, কাজের অভিজ্ঞতা ও শিক্ষাগত যোগ্যতা হিসাব করতে হবে ০১/১২/২০২২ তারিখ অনুযায়ী।

দরখাস্ত পূরণের নিয়মাবলী:-

১) বিজ্ঞপ্তির সঙ্গে আবেদন পত্রের নমুনা দেওয়া হল। এই নমুনা অনুযায়ী আবেদন করতে হবে। নমুনা আবেদনপত্রের ফটোকপি করে তাতে আবেদন করলে তা গ্রাহ্য করা হবে।

উৎসাহী অঙ্গনওয়াড়ি সহায়িকাগণ পরিষ্কার সাদা কাগজে নিজ হস্তে এই দরখাস্ত পূরণ করে অফিসে কাজের দিনগুলিতে ০৫/১২/২০২২ থেকে আগামী ১৯/১২/২০২২তারিখের মধ্যে সকাল ১২ টা থেকে বৈকাল ৪ টার মধ্যে জমা দিবেন।

**জমা দেওয়ারস্থান:-** শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের কার্যালয়, ওন্দা আইসি. ডি. এস, প্রকল্পের অফিসে।

২) **দরখাস্তের সঙ্গে যে সমস্ত কাগজপত্রজমা দিতে হবেএবং যা করণীয়।**

ক) অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে নিয়োগপত্রের প্রত্যয়িত নকল।

খ) বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের প্রত্যয়িত নকল।

গ) বি. ডি. ও. ওন্দা ব্লক, সভাপতি- ওন্দা পঞ্চায়েতসমিতি, স্থানীয় পঞ্চায়েতপ্রধান, স্থানীয় বিধায়ক বা মহকুমা শাসকের দেওয়া বাসস্থান সংক্রান্ত মূল (Original) প্রমাণপত্র (জেরক্স কপি গ্রাহ্য হবে না)।

ঘ) দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সাঁটা নিজের সাম্প্রতিককালের একটি পাসপোর্ট সাইজের ছবি। অতিরিক্ত আরও একটি ছবি জমা দিতে হবে ও তার পিছনে নিজের স্বাক্ষর থাকতে হবে।

ঙ) নিজের নাম ঠিকানা লেখা ও পাঁচ টাকা মুল্যের একটি ডাক টিকিট যুক্ত একটি খাম দরখাস্তের সঙ্গে জমা দিতে হবে।

চ) তপঃ জাতি/ তপঃ উপজাতি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল শংসাপত্র যাহা মহকুমা শাসকদ্বারা জারি করা হতে হবে।

ছ) নিজের হাতে পূরণ করা দরখাস্ত এবং উপরে উল্লিখিত সমস্ত নথিপত্র একটি খামে ভরে অফিসে জমা দিতে হবে।

খামেরউপর লিখতে হবে - অঙ্গনওয়াড়িকর্মী পদে পদোন্নতির জন্য আবেদন। নিজস্ব গ্রাম পঞ্চায়েতে ও নিজস্ব কেন্দ্রে যেখানে বর্তমানে সহায়িকা হিসাবে কর্মরতা আছেন তার নাম ও কেন্দ্রের নম্বর(এগারো সংখ্যা) জমা দেওয়া খামের উপর উল্লেখ করবেন।

তাম্রলিপ্ত মিত্র

ওন্দা সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পাধিকারীক
ওন্দা, বাঁকুড়া

নিয়োগ প্রক্রিয়া :

আবেদনপত্র যাচাই করনের পর বৈধ প্রার্থীদের লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থী বাছাই ও প্যানেল তৈরীর জন্য মোট ৫০ নম্বরের পরীক্ষা নেওয়া হবে। ৩৫ নম্বরের লিখিত পরীক্ষা, ৫ নম্বরের মৌখিক পরীক্ষা এবং কাজের অভিজ্ঞতার জন্য ১০ নম্বর।

লিখিতপরীক্ষার বিষয় নিম্নরুপ:-

| | |
|---|---|
| পাটিগণিত | -১০ নম্বর |
| ইংরাজী | -১০ নম্বর |
| পুষ্টি, জনস্বাস্থ্য ও মহিলা সংক্রান্ত বিষয় | -১০ নম্বর |
| সাধারণজ্ঞান | - ৫ নম্বর |
| মোট | - ৩৫ নম্বর |

আবেদনপত্র বাতিলেরকারণসমূহ :-

১) আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ এবং সময় অতিক্রম হওয়ার পরে জমা করলে।
২) আবেদনপত্র অসম্পূর্ণ এবং সঠিক নির্দেশ অনুযায়ী না থাকলে।
৩) আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র এবং বয়স, কাজের অভিজ্ঞতা যদি ০১/১২/২০২২অনুযায়ী প্রযোজ্য না হয়।
৪) একই আবেদনকারীর দ্বারা একাধিক আবেদন পত্র জমা পড়লে।
৫) আবেদনপত্রে সাম্প্রতিককালের রঙিন-ফটো না থাকলে।
৬) আবেদনপত্রে আবেদনকারীর স্বাক্ষর এবং ঘোষণাপত্র সংযুক্ত না থাকলে।
৭) উপযুক্ত নথিপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত না থাকলে।
৮) অন্যান্য যে কোন অমিল যদি স্ক্রুটিনির সময় পাওয়া যায় সেক্ষেত্রে আবেদনকারীর প্রার্থীপদ খারিজ হতে পারে।
৯) অসম্পূর্ণ আবেদনপত্র সম্পূর্ণরূপে অগ্রাহ্য।
১০) ফটো, শংসাপত্র, ডাকটিকিট যুক্ত খাম, ইত্যাদি না থাকলে এবং অসম্পূর্ণ ও অপরিচ্ছন্ন দরখাস্ত বাতিল করা হবে।

সাধারণশর্তাবলী :-

ক) প্যানেলে নাম নথিভুক্ত হওয়াই অঙ্গনওয়াড়ি কর্মী পদে পদোন্নতির নিশ্চয়তা নয়।
খ) নির্বাচিত প্রার্থীদের কর্মী পদে যোগদানের পূর্বে অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে ইস্তফা দিতে হবে।
গ) অঙ্গনওয়াড়ি কর্মী পদে চাকরি সরকারী চাকরি নয়। এটি সম্পূর্ণরূপে অস্থায়ী।
ঘ) অঙ্গনওয়াড়িকর্মী হিসাবে ওন্দা ব্লকের যে কোন কেন্দ্রে নিয়োগ হতে পারে।
ঙ) প্রত্যেকপ্রার্থীকে লিখিত এবং মৌখিক পরীক্ষা উভয়েই উপস্থিত থাকা বাধ্যতামূলক। নতুবা তাঁর প্রার্থীপদ বাতিল বলিয়া গণ্য হবে।
চ) আবেদনপত্র যাচাই এবং পরীক্ষা করার পর বৈধ আবেদনকারীদের নাম সি. ডি. পি. ও, অফিসের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
ছ) লিখিত এবং মৌখিক পরীক্ষার সময়সূচী সি. ডি. পি. ও, অফিসের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
জ) সমস্ত মূল সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় যাচাই করা হবে।
ঝ) কোনো TA/DA লিখিত এবং মৌখিক পরীক্ষার জন্য দেওয়া হবে না।
ঞ)নিয়োগ প্রক্রিয়া চলাকালীন কোনো প্রার্থীর উত্তীর্ণতা সম্পূর্ণরূপে অস্থায়ী (Provisional) এবং উল্লিখিত শর্তাবলী সাপেক্ষ।
ট) যে কোন সময়ে পরীক্ষার ধরণ পরিবর্তনকরণ অথবা পুনরায় ইনটারভিউ-করণ অথবা নিয়োগ প্রক্রিয়াটির কোনো ধাপ অথবা সমগ্র নিয়োগ প্রক্রিয়াটি বাতিলকরণের অধিকার সম্পূর্ণরূপে কমিটির হাতে ন্যস্ত থাকবে।
ঠ) সরকারী নির্দেশ ও আইনঅনুযায়ী সংরক্ষিত শূণ্য পদসংখ্যা পরিবর্তিত হতে পারে, এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। এই নিযুক্তির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের নারী ও শিশু উন্নয়ণ ও সমাজকল্যাণ বিভাগের সংশ্লিষ্ট সকল আদেশনামা এবং সংরক্ষণের ক্ষেত্রে ৫০ পয়েন্ট রোস্টার সংক্রান্ত সরকারী আদেশনামা প্রযোজ্য।

তাপোজিৎ মিত্র

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
ওন্দা সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প,
ওন্দা, বাঁকুড়া

## দরখাস্তের বয়ান

সাম্প্রতিক কালের তোলা পাসপোর্ট সাইজের ছবি

প্রতি,
সি. ডি. পি. ও,
ওন্দা সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প,
ওন্দা, বাঁকুড়া

বিষয়:- **পদোন্নতির মাধ্যমে ওন্দা নিজস্ব প্রকল্পে অঙ্গনওয়াড়ি কর্মী হিসাবে নিয়োগ**

১। অঙ্গনওয়াড়ি সহায়িকার নাম :..........................................................

২। বর্তমানে যে অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সহায়িকা হিসাবে :..........................................
কর্মরতা সেই কেন্দ্রের নামও কোড নং (এগারো সংখ্যা):..........................................
এবং গ্রাম পঞ্চায়েতের নাম: :..........................................

৩। বর্তমানে স্থায়ী বাসস্থানের ঠিকানা: গ্রাম :..........................................

পোষ্ট:..........................................

ব্লক:..........................................

জেলা:..........................................

পিনকোড:

৪। শিক্ষাগত যোগ্যতা (০১/১২/২০২২) তারিখঅনুযায়ী :-

| পরীক্ষারনাম | বোর্ডেরনাম | নিয়মিত / অনিয়মিত কোর্স | কোনবছরেউত্তীর্ণ | ডিভিশন/গ্রেড |
|---|---|---|---|---|
| | | | | |

৫।বয়স (০১/১২/২০২২) তারিখঅনুযায়ী :..........................................

৬। কাজেরঅভিজ্ঞতা (০১/১২/২০২২) তারিখঅনুযায়ী :..........................................

৭।জাতি (Caste) :..........................................

..........................................
প্রার্থীরস্বাক্ষর

### ঘোষণাপত্র

উপরে উল্লিখিত সকল বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য, যদি কোনো ভুল বা জালিয়াতি ধরা পড়ে, নিয়োগ প্রক্রিয়া চলাকালীন বা নিয়োগ প্রক্রিয়া শেষ হওয়ার পরে বা আমার কর্মরত অবস্থায় প্রমাণিতহয়, সেই ক্ষেত্রে কোনো পুনরায় বিজ্ঞপ্তি ছাড়াই আমার কর্মপদ বাতিল করার অধিকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থাকবে।

তারিখ:-

..........................................
প্রার্থীরস্বাক্ষর